[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সভা

মউকের উদ্দ্যগে মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্বয় সভা সংগঠিত হয়। আজ শনিবার সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান আজিমুল বারি মুকুলের সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এ সময় নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেন জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান আজিমুল বারী মুকুল, ইউপি সদস্য রাসেল আহাম্মেদ,বিশিষ্ঠ ব্যবসায়ী জাকরিয়া হাবিব লাল্টু, বিশিষ্ঠ রাজনৈতিক ব্যাক্তি জিয়াউর রহমান, সাবেক ইউপি সদস্য মরিয়ম খাতুন সহ আরো অনেকে।

সভার কার্যবিবরণী পাঠ করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার।

সভায় মেহেরপুর জেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্যবহুল আলোচনা করে সকল ধরণের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যাক্ত করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আখতার ও মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সম্মানিত সদস্যগণ।

মেহেরপুরে নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের আলোচনা সভা

মউকের উদ্দ্যেগে মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহঃস্পতিবার সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলা হাফিয়া।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার এস.আই শিবলী রহমান। স্বাগত বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

সভায় নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহ প্রতিরোধ সহ বিভিন্ন আলোচনা করা হয়। সভায় মেহেরপুর জেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্য বহুল আলোচনা করে সকল ধরনের নির্যাতিতদের পাশে থেকে কাজ করার অঙ্গিকার ব্যক্ত করেন উপস্থিত সবাই।

মেহেরপুরে নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের দ্বি-মাসিক সমন্ময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২২ জুলাই) সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক)এর হলরুমে এই সভা অনুষ্ঠিত হয়।

বিশিষ্ঠ সমাজসেবক আব্দুর রকিবের সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের নির্বাহী প্রধান ও কমিটির সদস্য সচিব আসাদুজ্জামান সেলিম।

নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন আলোচনায় অংশগ্রহন করেন সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, জাকিয়া আক্তার আল্পনা, মুজিবনগর উপজেলা কমিটির সভাপতি আজিমুল বারী মুকুল, সদর উপজেলার সভাপতি আবুল হাশেম, গাংনী উপজেলা নারী নির্যাতনের প্রতিরোধ ফোরামের সভাপতি নবীরউদ্দীন প্রমুখ।

সভার কার্যবিবরনী পাঠ করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার।